# চট্টগ্রাম ক্যান্টনমেন্ট পাবলিক কলেজ

চট্টগ্রাম সেনানিবাস

## জরুরী বিজ্ঞপ্তি

১। যে সকল শিক্ষার্থী এস.এস.সি-২০২১ পরীক্ষায় বৃত্তি পেয়েছে, তাদের বিস্তারিত তথ্য মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর এর MIS Software এ এন্ট্রি প্রদানের লক্ষ্যে প্রতিষ্ঠানের ওয়েবসাইট হতে নির্ধারিত ফরম ডাউনলোড পূর্বক/ হিসাব শাখা থেকে ফরম সংগ্রহ পূর্বক পূরণ করে আগামী ৩০ মার্চ ২০২২ তারিখের মধ্যে শ্রেণি শিক্ষকের নিকট সরাসরি জমা দিতে বলা হচ্ছে।

২। যে সকল শিক্ষার্থী সিসিপিসি ব্যতীত অন্য শিক্ষা প্রতিষ্ঠান থেকে বৃত্তি পেয়েছে তাদেরকে নির্ধারিত ফরমটি পূরণের পাশাপাশি সংশ্লিষ্ট প্রতিষ্ঠান হতে প্রতিষ্ঠান প্রধান কর্তৃক বৃত্তির গেজেটের সত্যায়িত ফটোকপি ও প্রত্যয়নপত্র জমা দিতে হবে।

৩। ক। শিক্ষার্থীদেরকে বাংলাদেশের অনলাইন সুবিধাসম্পন্ন তফসীলভুক্ত ব্যাংকে নিজ নামে/ ১৮ বছরের নিচে শিক্ষার্থীদের পিতা-মাতার সাথে যৌথ নামে ব্যাংক হিসাব/স্কুল ব্যাংক হিসাব খুলতে হবে।

খ। যৌথ নামে ব্যাংক হিসাব/ স্কুল ব্যাংক হিসাব খোলা হলে হিসাবধারীর নামে উভয়ের নাম লিখতে হবে।

গ। শিক্ষার্থীর একক বা যৌথ নামের একাউন্ট নম্বর ব্যতীত পিতা/মাতা/অন্য কোন আইন সংগত অভিভাবকের ব্যাংক হিসাব প্রদান করা যাবে না।

ঘ। শিক্ষার্থীর নাম ও অনলাইন ব্যাংক হিসাবের নাম অভিন্ন হতে হবে।

ঙ। অনলাইন ব্যাংক হিসাব নম্বর অবশ্যই ১৩-১৭ ডিজিটের মধ্যে হতে হবে।

চ। ব্যাংকের নাম, শাখার নাম, রাউটিং নম্বর এবং শিক্ষার্থীর ব্যাংক হিসাব নম্বর সঠিকভাবে পূরণ করতে হবে।

ছ। ব্যাংক হিসাবটি বর্তমানে সচল (Active) থাকতে হবে।

জ। বিকাশ, শিওর ক্যাশ, নগদ, টি-ক্যাশসহ এ ধরণের এজেন্ট ব্যাংকের হিসাব নম্বর প্রদান করা যাবে না।

ঝ। শিক্ষার্থীর পরীক্ষার রেজিষ্ট্রেশন নম্বর, পরীক্ষার নাম, সন ও প্রাপ্ত CGPA সঠিকভাবে পূরণ করতে হবে।

ঞ। বৃত্তির ক্যাটাগরি (মেধা/ সাধারণ) সঠিকভাবে পূরণ করতে হবে।

৪। শ্রেণি শিক্ষকগণকে শিক্ষার্থীদের নিকট হতে যথাযথভাবে পূরণকৃত ফরম সংগ্রহ করে একাডেমিক কো-অর্ডিনেটরের মাধ্যমে ৩০ মার্চ ২০২২ এর মধ্যে হিসাব শাখায় জমা দিতে হবে।

৫। এ সংক্রান্ত বিস্তারিত তথ্যের জন্য অফিস সময়ে (সকাল ৯.০০ থেকে দুপুর ২.৩০) হিসাব শাখার হেল্পলাইন নম্বরে যোগাযোগ করা যাবে। (হেল্পলাইন নম্বর: ০১৭৯১ ২৩৬৩৪৮, ০১৭৭০-২৩৬৩৪৬)

মুজিবুল হক সিকদার
কর্নেল
অধ্যক্ষ
২৮ মার্চ ২০২২

বিতরণ:
বর্হিগমন:
কার্যক্রম:

উপাধ্যক্ষ (কলেজ)
একাডেমিক কো-অর্ডিনেটর (কলেজ)
সকল শ্রেণিশিক্ষক (একাদশ শ্রেণি)
হিসাব শাখা
অফিস নথি
ওয়েবসাইট

অবগতি:
অধ্যক্ষ মহোদয়ের সদয় অবগতির জন্য কপি।